গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাঘারপাড়া, যশোর
www.bagherpara.jessore.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.১৩২৩

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## নোটিশ

**বিষয়: উপজেলা পরিষদের আগষ্ট-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আহবান প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে , বাঘারপাড়া উপজেলা পরিষদের আগষ্ট'-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৮-আগষ্ট'২০২৩ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**মাসিক সাধারণ সভার আলোচ্যসূচীঃ**

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

০৩-০৮-২০২৩
হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর ও মূখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪;
২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা;
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর;
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৫। ভাইস চেয়ারম্যান(পুরুষ), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৬। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর;
৭। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর;
৮। উপজেলা.............................কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর;
৯। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর এবং
১০। উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য-১নং/২নং/৩নং, বাঘারপাড়া, যশোর।।

## উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের মাসিক সাধারন সভার উপস্থিতি

সভাপতি: জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার তারিখ/সময়:- ০৮/০৮/২০২৩ খ্রি: বেলা - ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত জনপ্রতিনিধিগনের স্বাক্ষর :-

১। জনাব আব্দুর রউফ ভেন্ডুস চেয়ারম্যান, উপ. পরি: →

২। জনাব শিখিকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান →

৩। মেয়র, পৌরসভা, বাঘারপাড়া →

৪। চেয়ারম্যান, জহুরপুর ইউপি →

৫। " বন্দবিলা " →

৬। " রায়পুর " →

৭। " নারিকেলবাড়ীয়া →

৮। " ধলগ্রাম " →

৯। " দোহাকুলা " →

১০। " দরাজহাট " →

১১। " বাসুয়াড়ী " →

অদ্যকার সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণের স্বাক্ষরসহ উপস্থিতির তালিকা

১। মোঃ রুহুল আমিন UAO

২। এ.বি.এম মাহমুদ হোসেন USSO

৩। ফিরোজা আহমেদ PIO

৪। মোঃ আবু হানিফ SAE, DPHE

৫। মোঃ আকিবুল হোসেন খান – USEO,

৬। মোঃ আব্দুর রহমান DGM. PBS. 08/8/23

৭। মোহাঃ মোস্তাফিজুর রহমান UCO

৮। মোঃ মোশাররফ হোসেন UYdo 08/08/23

৯। ডা. মো: আখতারুজ্জামান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

১০। বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা 8/8/23

১১। মোঃ মোতালেব হোসেন, UDF, UGDP 08/08/23

১২। মো: তানজেরুল ইসলাম তিথি, UFPO (অতি: দায়িত্ব) 8/8/23.

১৩। তপন কুমার সরকার, উপ-সহকারী, উপজেলা মৎস্য দপ্তর, কালীগঞ্জ 08/8/23

১৪। ডা: এম. এম. মোস্তফা রাজিবুল. UHFPO 08/08/23

১৫। সাজেদ আকতার, উপ-সহকারী প্রকৌশলী LGED, কালীগঞ্জ 08-08-23

১৬। মো: তৈমুর হোসেন (প্রতিনিধি) মহিলা বিষয়ক অধিদপ্তর কালীগঞ্জ 08/08/23

১৭। মোঃ আলী আকবর UEO (ভারপ্রাপ্ত) 08/08/23

# বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ০৮ আগষ্ট ২০২৩ মঙ্গলবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বাঘারপাড়া,যশোর ।
০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

কোন সদস্য অনুপস্থিত নাই

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব এ,টি,এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব ফিরোজ আহম্মেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৬) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমানম উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ তোফাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৮) ডাঃ মোঃ আক্তারুজ্জামান, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা(ভারপ্রাপ্ত), বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব বিবেকানন্দ রায়, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
১০) জনাব মোঃ মোতালেব হোসেন, ইউডিএফ, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব তাসনোভা ইসলাম তিথি, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(অঃদাঃ), বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব বিপুল কুমার সরকার, ক্ষেত্রসহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
১৩) ডাঃ এম. এম মোস্তফা কাইয়ম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর
১৪) জনাব সালেহ আকরাম, উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর ।
১৫) জনাব তৈমুর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১৬) জনাব মোঃ আলী আকবর, উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত), বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন । সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | **পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**<br>সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি। | সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার। |
| ০২. | **পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ**<br>পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে। | সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৩. | **বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন)<br><br>উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির মধ্যে কোন কমিটির সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি। | স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়। | ১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ, |
| ০৪ | **৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):-<br><br>**(ক) ইনটেরিয়ন কাজের পরিবর্তনঃ** ইনটেরিয়র কাজে কিছু পরিবর্তন করা হয়েছে। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর রুমে কারপেটের পরিবর্তন করে টাইলস করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | পরিবর্তিত কাজটি অনুমোদন করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br><br>২। উপজেলা প্রকৌশলী |
| ০৫. | **আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)**<br><br>**(ক) উপজলো পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) জুলাই-২০২৩ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।<br><br>**(খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার করণঃ** উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর এর সরকারি বাসভবনের অবস্থা খুবই জরাজীর্ণ এবং বসবাসের অনুপোযোগী হওয়ায় বর্তমান উপজেলা নির্বাহী অফিসার যোগদানের পরপরই বাসভবন মেরামত কাজের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ জানান। সেপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের লক্ষ্যে মেরামত কাজের জন্য ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি অনুমোদন করা হয় এবং রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত/সংস্কার খাত হতে কোটেশনের মাধ্যমে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | (ক)<br>বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ত্তোর অনুমোদন প্রদান করা হয়।<br><br>(খ)<br>রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত/সংস্কার খাত হতে বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br><br>(খ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | **(গ) বঙ্গবন্ধু মুর‍্যাল, পতাকা মঞ্চ এবং স্বাধীনতার স্মৃতিস্তম্ভ মেরামত/সংস্কার ও টাইলসকরণ:-** (১)বঙ্গবন্ধু মুর‍্যাল এসএস দ্বারা বাউন্ডারী প্রদান এবং পাথরের টাইলস খুলে পড়ায় পুনরায় টাইলসকরণ ও সংস্কার, (২) পতাকা মঞ্চ মেরামত/সংস্কার করণ, (৩) স্বাধীনতার স্মৃতিস্তম্ভে পাথরের টাইলস খুলে পড়ায় নতুন করে সংস্কার/উন্নয়ন কাজ দ্রুততার সহিত বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপিত হয়। উক্ত কাজ বাস্তবায়ন না করিলে বিভিন্ন সময়ে অপ্রতিকর ঘটনার সম্মুখিন হতে হচ্ছে। উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক একটি প্রাক্কলন উপস্থাপন করেন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, যেহেতু বর্ণিত কাজসমূহ গুরুত্বপূর্ণ সেহেতু উক্ত কাজসমূহ বাস্তবায়নের জন্য উপস্থাপিত প্রাক্কলনটি অনুমোদন প্রদান করা হয় এবং আপাতত দ্রুততার সহিত উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। উক্ত কার্যক্রম বাস্তবায়ন তদারকি করার লক্ষে নিম্নরুপ প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি গঠন করা হলো। উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক বর্ণিত কমিটির তত্ত্বাবধায়নে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।<br><br>**প্রকল্প বাস্তবায়ন তদারকি কমিটি :**<br>১। মোঃ আবু মোতালেব তরফদার, চেয়ারম্যান, দরাজহাট ইউপি-প্রকল্প সভাপতি<br>২। মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউপি- - সদস্য<br>৩। বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউপি---------সদস্য<br>৪। আবু সালেহ,উপসহকারী প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য<br>৫। উপজেলা প্রকল্প বাস্তাবযন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য | (গ) বর্ণিত প্রকল্পসমূহ দ্রুততার সহিত উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের মাধ্যমে বিধি মোতাবেক বর্ণিত কমিটির তত্ত্বাবধায়নে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। | (গ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। গঠিত কমিটি |
| | **(ঘ) আগুনে পোড়ায় অপ্রত্যাশিত খাত হতে অনুদান প্রদানঃ** জনাব মোঃ মনিরুল মোল্যা, পিতা-মৃত লিটন মোল্যা, সাং- কটুরাকান্দি, ইউনিয়ন- বন্দবিলা, বাঘারপাড়া, যশোর কর্তৃক দাখিলকৃত বসতবাড়ি পুড়ে যাওয়ায় সাহায্যের আবেদনটি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু আগুনে পুড়ে উক্ত পরিবার অসহায় হয়ে পড়েছে যা চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করেছেন সেহেতু উক্ত পরিবারকে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে =১৫,০০০/-(পনের হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ঘ)<br>উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে =১৫,০০০/-(পনের হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহি হয়। | (ঘ)<br>১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |
| ০৬. | **অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)**<br><br>কোন সুপারিশ নাই | | |
| ০৭. | **সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)** | | |
| **ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে। বিগত অর্থবছরের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী |
| **খ.স্বাস্থ্য বিভাগ:** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা রোগী ২০২২ সাল অদ্যাবধি ৪৬ জন। বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্য ০১ জন। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্য্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে২০৮৫৫৩ জন (৮৯ %) এবং ২য় ডোজ ১৮৮৯৬৬জন (৮৪%) ৩য় ডোজ ২০১৪২ জন | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | (৫৬%)৪র্থ ডোজ ১২২৬০-৬% সম্পন্ন হয়েছে এবং ৫-১১ বছরের শিশু ভ্যাকসিন ১ম ডোজ প্রদান ২৯৪০০ এবং ২য় ডোজ ২৪৮৯১। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার ,অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৫৩২৬জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ৮৯৩ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৭৯৯জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৭৯৭৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১৫৬১ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে । এবং ৭৬৩ জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে । স্বাভাবিক ডেলিভারী ৫০ জন, ১৫ জন সিজারিয়ান অপারেশন করা হয় । ২৯০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে । এছাড়াও ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতালের প্রসাশন আগামী ১২/০৮/২৩ ইং পর্যন্ত নির্দেশনা অনুযায়ী ৫০/= টাকা মূল্যে ডেঙ্গু পরিক্ষা করা হচ্ছে এবং ডেঙ্গু আক্রান্ত রোগীদের জন্য পৃথক পুরুষ/মহিলা বেড স্থাপন করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলার উদ্দেশ্যে হাসপাতাল প্রসাশন বর্জ্য ব্যবস্থাপনা এবং ডেঙ্গু প্রতিরোধক সচেতনতামূলক কার্য্যক্রম পরিচালনা করছেন । | | |
| **গ.কৃষি বিভাগ:** | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, শোকাবহ আগষ্ট মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালী জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৫ আগষ্টে নিহত তাঁর পরিবারের সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় ১৪৬০ হেক্টর জমিতে আউশ ধান আবাদ হয়েছে এবং আউশ ধান কর্তন শুরু হয়েছে। ধানের ফলন সন্তোষজনক। চলতি খরিফ-২ মৌসুমে রোপা আমন ধান ১৬৮০০ হেঃ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ইতোমধ্যে ১১৬৫০ হেঃ জমিতে আবাদ সম্পন্ন হয়েছে। আমন ধানের পোকা-মাকড় দমনের জন্য পার্চিং, আলোক ফাঁদ স্থাপন এবং উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপা আমন ১৫৪০ জন ও গ্রীষ্মকালীন পেঁয়াজ ৮০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন ,মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা । |
| **ঘ.মৎস্য বিভাগ:** | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| **ঙ.প্রাণি সম্পদ বিভাগ:** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, জুলাই-২০২৩ মাসে ১) কৃত্রিম প্রজননের আওতায় তরল সিমেন-২৫০টি, হিমায়িত সিমেন-১০০০টি, ২) টিকা প্রদানের আওতায় গবাদি পশু- ৩৫৮৭টি, হাঁসমুরগী-৫৮৭০৪টি, ৩) চিকাৎসা প্রদান গবাদিপশু-২৫৪৭টি, হাঁসমুরগি-৯৯৮৭টি, পোষাপ্রাণী-০১টি, ৫) উঠান বেঠক-০৫টি ৬) খামার পরিদর্শন-১০টি । এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| **...মাজসেবা ...প্তর:** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে ৪র্থ কিস্তি পর্যন্ত ভাতা করা হয়েছে। বিভিন্ন ভাতা কার্যক্রমের সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন চলমান আছে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক। | ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| **ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৪৫৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৯০০৭(চক্র) কনডম ১১৪৪৯(পিস) ইনজেকটেবল ১১১৩ জন আইইউডি ৩১জন, ইমপ্লান্ট ৭৩জন, স্থায়ী পদ্ধতী পরুষ ০০জন, মহিলা ০৩, মোট ০৩ জন । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| **জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):** | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৫ আগষ্ট ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদৎ যেন সকল বিদ্যালয়ে যথাযথ মর্যাদার সহিত পালিত হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে । এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান আছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো । | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| **ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):** | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৫ আগষ্ট ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদৎ যেন সকল বিদ্যালয়ে যথাযথ মর্যাদার সহিত পালিত হয় সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে । গত ২৮-০৭-২০২৩খ্রিঃ তারিখ এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ হয়েছে, অত্র উপজেলার ফলাফল সন্তোষজনক । ইহা ছাড়া দাপ্তরিক কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর |
| **ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকাররের রুপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পূর্জি গঠণ, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কাযক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতিরি ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। উল্লেখ্য ২০২২-২৩ অর্থ বছরে ইরেসপো কর্মসূচির আওতায় মোট ৯০ জন মহিলা ও পুরুষ সদস্যকে গবাদী পশুপালন, বিষমুক্ত সবজি চাষ এবং অপ্রধান শস্য বিষয়ে ৩ দিন মেয়াদী আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি আর্থিক বছরে ১৭৯৬ জন সদস্যর মধ্যে ৭৮৩.১০ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৫৮১.১০ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া পল্লী জীবিকায়ন কর্মসূচীর আওতায় ৭৯ জন সদস্যর মধ্যে একক উদ্যেক্তা ঋণ বাবদ ১১০.০০ লক্ষ বিতরণ করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্ননির্ভশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয় । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| **ট. যুব উন্নয়ন দপ্তর:** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৪৭১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৫৪৭৬ জন যুব ও যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০৪২ জন যুব ও ৬৪০ জন যুব মহিলা সহ মোট ১৬৮২ জন কে যুব ঋণ হিসাবে ৪৮৭৩১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৮%। তিনি সভায় আর ও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| **ঠ. সমবায় বিভাগ :** | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬৯টি ২০২২-২০২৩সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাসে প্রাথমিক সমবায় সমিতির ০৮টি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঘূর্ণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৪২৫০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৮৩,৭৪৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৪,৯১,০৯৬/-টাকা। আদায়ের হার ৮৮%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| **ড. মহিলা বিষয়ক দপ্তর:** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, **ভিডব্লিউবি কার্যক্রমঃ** বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। খাদ্য বরাদ্দ না থাকায় জুলাই/২০২৩ ও আগস্ট/২০২৩ মাসে ডিও প্রদান করা সম্ভব হয় নাই। **মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ** মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে জুলাই/২০২২ হতে জুন/২০২৩ পর্যন্ত ০৯ টি ইউনিয়নে মোট ১০৩০ জন এবং বাঘারপাড়া পৌরসভায় ১৫২ ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গেছে জুলাই/২০২৩ হতে ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। **ক্ষুদ্রঋণঃ** ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। জুলাই/২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০/- (তেত্রিশ লক্ষ আটাশ হাজার) টাকা ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। **কিশোর কিশোরী ক্লাবঃ** বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। **উঠান বৈঠকঃ** বাল্যবিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| **ঢ. ত্রাণ বিভাগ:** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র অর্থ বছরে এখনও পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| **ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, অত্র উপজেসার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অথ বছরের গভীর নলকূপের বোরিং কাযক্রম চলমান রয়েছে যা প্রায় শেষ পর্যায়ে। দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| **ত. বন বিভাগ** | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় তাঁর দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো। | ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর |

| | | | |
|---|---|---|---|
| .বিবিধ: | **(১)** জনাব মোঃ আব্দুর রউফ, সকলকে সহযোগীতাপূর্ণ মনোভাব নিয়ে কাজ করার অনুরোধ জানান ।<br>**(২)** জনাব বিথীকা বিশ্বাস, বিভাগীয় প্রধানদেরকে স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য অনুরোধ জানান ।<br>**(৩)** উপজেলা নির্বাহী অফিসার সকলকে সব বিষয়ে সংশ্লিষ্টদের সহিত অবহিত/পরামর্শের মাধ্যমে কাজ করার জন্য আহবান জানান । | (২)নিয়মিত স্থায়ী কমিটির সভা করার জন্য বলা হয়।<br>(৩) কার্যক্রমের বিষয়ে অবহিতকরণ/অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার জন্য বলা হয় । | (২) ও (৩) সংশ্লিষ্ট সকল |

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

ভিক্টোরিয়া পারভীন সাথী
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

# উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

**স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৪০** **তারিখঃ ০৮/ ০৮/ ২০২৩ খ্রিঃ ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ,খুলনা ।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯ মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা ............................................ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১.চেয়ারম্যান,................................................ইউনিয়নপরিষদ,বাঘারপাড়া,যশোর।
১২.সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর ।

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

# পরিশিষ্ট-ক

## উপজেলা পরিষদের নিয়মিত মাসিক আয়-ব্যয়

## জুলাই-২০২৩

যে সভায় উপস্থাপিতঃ- আগষ্ট-২০২৩

| ক্রমিক | বিবরণ | বিলের পরিমান | চেকনং ও তারিখ |
|---|---|---|---|
| ১. | মোঃ সোহেল হোসেন, মালী, উপজেলা পরিষদকে জুন-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১২১০০/- | চেক নং ৪৭০৪৬১৯ তাং ০২.০৭.২০২৩ |
| ২. | মোঃ খলিল হোসেন, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে জুন-২০২৩ মাসের দৈনিক মুজুরী প্রদান | =১৩৭৫০/- | চেক নং ৪৭০৪৬২০ তাং ০২.০৭.২০২৩ |
| ৩. | জনাব কৃষ্ণপদ অধিকারী, প্রোপাইটার, বাঘারপাড়া ক্যাবল নেটওর্য়াককে এপ্রিল-জুন-২০২৩ মাসের ইন্টারনেট বিল প্রদান। | =৩,০০০/- | চেক নং ৪৭০৪৬২১ তাং ০৯.০৭.২০২৩ |
| ৪. | জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রোপাইটার, মের্সাস মুরাদ টেলিকমকে এপ্রিল-জুন-২০২৩ মাসের পকেট রাউটারের ইন্টারনেট বিল প্রদান। | =৪,৫০০/- | চেক নং ৪৭০৪৬২২ তাং ০৯.০৭.২০২৩ |
| ৫. | জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রোপাইটার, মের্সাস মুরাদ টেলিকমকে নতুন কমপ্লেক্স ভবনে ইন্টারনেট সংযোগ প্রদানের মালামালের বিল প্রদান। | =২৮৭২৯/- | চেক নং ৪৭০৪৬২৩ তাং ০৯.০৭.২০২৩ |
| ৬. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩৩৭১/- | চেক নং ৪৭০৪৬২৪ তাং ০৯.০৭.২০২৩ |
| ৭. | জনাব রিপন দেবনাথ, প্রোপাইটার, দেবনাথ ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্সকে উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি(নতুন ভবনে ইলেকট্রিক) মেরামত বিল প্রদান । | =১৮৭৯৫/- | চেক নং ৪৭০৪৬২৫ তাং ১০.০৭.২০২৩ |
| ৮. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =২২০৫/- | চেক নং ৪৭০৪৬২৬ তাং ১০.০৭.২০২৩ |
| ৯. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক সুদের অর্থ জমার জন্য প্রদান | =৬১,৫৪৮/- | চেক নং ৪৭০৪৬২৭ তাং ১০.০৭.২০২৩ |
| ১০. | জনাব মোঃ ওসমান গনি, আনসার সদস্য, সাং- লক্ষীপুরকে ঈদ-উল আযহা-২৩ এর ছুটিকালীন নিরাপত্তা প্রদান সংক্রান্ত মুজুরী প্রদান | =১৪২৫/- | চেক নং ৪৭০৪৬২৮ তাং ১০.০৭.২০২৩ |
| ১১. | জনাব মোঃ আলমগীর হোসেন, আনসার সদস্য, সাং- ইন্দ্রাকে ঈদ-উল আযহা-২৩ এর ছুটিকালীন নিরাপত্তা প্রদান সংক্রান্ত মুজুরী প্রদান | =১৪২৫/- | চেক নং ৪৭০৪৬২৯ তাং ১০.০৭.২০২৩ |
| ১২. | জনাব মোঃ জুলফিক্কার আলী, আনসার সদস্য, সাং- ধুপখালী ঈদ-উল আযহা-২৩ এর ছুটিকালীন নিরাপত্তা প্রদান সংক্রান্ত মুজুরী প্রদান | =১৪২৫/- | চেক নং ৪৭০৪৬৩০ তাং ১০.০৭.২০২৩ |
| ১৩. | জনাব মহাদেব, আনসার সদস্য, সাং- ধুপখালী ঈদ-উল আযহা-২৩ এর ছুটিকালীন নিরাপত্তা প্রদান সংক্রান্ত মুজুরী প্রদান | =১৪২৫/- | চেক নং ৪৭০৪৬৩১ তাং ১০.০৭.২০২৩ |
| ১৪. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে চেয়ারম্যান, উপজেলা পরিষদে এর মার্চ-১৬ হতে জুন-২৩ পর্যন্ত বকেয়া টেলিফোন বিল জমার জন্য প্রদান | =৩১৬৩০/- | চেক নং ৪৭০৪৬৩২ তাং ১০.০৭.২০২৩ |
| ১৫. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে উপজেলা পরিষদের কর্মচারীদের জুলাই-২০২৩ মাসের সিপিএফ এর অর্থ জমার জন্য প্রদান | =৫৪৪২/- | চেক নং ৪৭০৪৬৩৩ তাং ২৩.০৭.২০২৩ |
| ১৬. | জনাব মোঃ জিন্নাত আলী, প্রোপাইটার, জান্নাতুল হোটেল, বাঘারপাড়াকে জুলাই-২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান। | =২৬,৮৫০/- | চেক নং ৪৭০৪৬৩৪ তাং ২৩.০৭.২০২৩ |
| ১৭. | ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বাঘারপাড়া শাখাকে পূর্ববর্তী বিলের উপর ভ্যাট+ আয়কর জমার জন্য প্রদান | =৩১৫০/- | চেক নং ৪৭০৪৬৩৫ তাং ২৩.০৭.২০২৩ |
| ১৮. | জনাব নারান দাশ, পিতা- দুলাল দাশ (০১৯৮৭৪৮৮০৫৬) কে উপজেলা পরিষদ জামে মসজিদের সেফটি ট্যাংক পরিস্কার ও সোকল নির্মান কাজের মুজুরী প্রদান | =২৫,০০০/- | চেক নং ৪৭০৪৬৩৬ তাং ২৩.০৭.২০২৩ |
| ১৯. | জনাব মোঃ খলিল, পিতা- ইছহাক মোল্যা, সাং- চেচুয়াখোলাকে উপজেলা পরিষদ ডরমেটরির সেফটি ট্যাংক পরিস্কার ও সোকল নির্মান কাজের মুজুরী প্রদান | =১৭,০০০/- | চেক নং ৪৭০৪৬৩৭ তাং ২৩.০৭.২০২৩ |

হোসনে আরা তান্নি
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।

ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।